

ভুলে যাই থেকে থেকে  
তোমার আসন-'পরে বসাতে চাও নাম আমাদের হেঁকে হেঁকে ॥  
দ্বারী মোদের চেনে না যে, বাধা দেয় পথের মাঝে ।  
বাহিরে দাঁড়িয়ে আছি, লও ভিতরে ডেকে ডেকে ॥  
মোদের প্রাণ দিয়েছ আপন হাতে, মান দিয়েছ তারি সাথে ।  
থেকেও সে মান থাকে না যে লোভে আর ভয়ে লাজে -  
ম্লান হয় দিনে দিনে, যায় ধুলাতে ঢেকে ঢেকে ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Style: Baul

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail